২০৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 1[illegible] 1999

পৃঃ ১৫ কলাম ৪

# আনন্দ মোহন কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ আনন্দ মোহন কলেজ ভাংচুরের ঘটনায় কর্তৃপক্ষ একাডেমীক কাউন্সিলের সভায় পরিস্থিতি অবনতির আশংকায় অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা এবং গতকাল (শনিবার) ৯টার মধ্যে ছাত্রদের ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দিয়াছেন। বহিরাগত সন্ত্রাসীদের ছাত্রাবাসে দীর্ঘদিন ধরিয়া চাঁদাবাজির প্রতিবাদে ছাত্ররা গত বৃহস্পতিবার ছাত্র সংসদ, অডিটরিয়াম, উপাধ্যক্ষের বাসভবন, উপাধ্যক্ষের অফিস কক্ষ, কলেজ বাস ভাংচুর ও অগ্নিসংযোগ করে এবং উহার পরিপ্রেক্ষিতে একাডেমীক কাউন্সিল এই সিদ্ধান্ত নেয়।

এই নির্দেশের পর গতকাল (শনিবার) ছাত্ররা অধ্যক্ষের কার্যালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষোভ সমাবেশে বক্তরা অবিলম্বে কলেজ বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানায় এবং তাহারা ছাত্রাবাস ত্যাগ করিবে না বলিয়া ঘোষণা দেয়।